গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

**( কাস্টমস ও মূল্য সংযোজন কর )**

**প্রজ্ঞাপন**

**তারিখ, ১৮ জ্যৈষ্ঠ, ১৪২৪ বঙ্গাব্দ/১ জুন, ২০১৭ খ্রিস্টাব্দ**

**এস.আর.ও নং ১৩২-আইন/২০১৭/১৮/কাস্টমস।**- Customs Act, 1969 (Act No. IV of 1969) এর section 19 এর sub-section (1) এবং মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ১৪ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, জনস্বার্থে, জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে, সেলুলার ফোন স্থানীয়ভাবে উৎপাদনের লক্ষ্যে নিম্নে বিধৃত-

(ক) TABLE-I এর কলাম (1) এ উল্লিখিত Heading এর আওতাভুক্ত কলাম (2) এ বর্ণিত H.S. Code এর বিপরীতে কলাম (3) এ উল্লিখিত পণ্যের উপর আরোপনীয় আমদানি শুল্ক, যেই পরিমাণে মূল্যভিত্তিক ১% (এক শতাংশ); এবং

(খ) TABLE-II এর কলাম (1) এ উল্লিখিত Heading এর আওতাভুক্ত কলাম (2) এ বর্ণিত H.S. Code এর বিপরীতে কলাম (3) এ উল্লিখিত পণ্যের উপর আরোপনীয় আমদানি শুল্ক, যেই পরিমাণে মূল্যভিত্তিক ১০% (দশ শতাংশ)−

এর অতিরিক্ত হয় সেই পরিমাণ এবং সমুদয় মূল্য সংযোজন কর ও, ক্ষেত্রমত, রেগুলেটরি ডিউটি ও সম্পূরক শুল্ক, যদি থাকে, হইতে নিম্নবর্ণিত শর্তাধীনে অব্যাহতি প্রদান করিল, যথাঃ-

**TABLE-I**

| Heading | H.S. Code | Description |
|---|---|---|
| (1) | (2) | (3) |
| 28.25 | 2825.90.00 | Lithium Cobalt Oxide |
| 29.04 | 2904.20.00 | N-Methyl-2-Pyrrolidone (NMP) |
| 32.06 | 3206.11.00 | PC Light Blue Masterbatch EP-48060 |

| | | |
|---|---|---|
| 32.09 | 3209.90.90 | Color Paint or Varnishes |
| 32.14 | 3214.90.00 | Silica Gel |
| 38.01 | 3801.10.00 | Conductive Carbon black; Meso Carbon Micro Beads (MCMB) |
| 38.12 | 3812.20.00 | Plastic/Rubber Additives |
| 38.24 | 3824.99.90 | 1M Lithium HexaFlouride Phosphate (LiPF6) EC:DMC:DEC: 2:1:2 vol% (prepared binders) |
| 39.03 | 3903.30.90 | Acrylonitrile-Butadiene-Styrene (ABS) Copolymers |
| 39.04 | 3904.90.00 | PVDF (Poly Vinylidene Fluoride) |
| 39.07 | 3907.40.90 | Polycarbonates |
| 39.12 | 3912.31.00 | CMC (Carboxymethyl cellulose) |
| 39.19 | 3919.10.90 | Adhesive Type Foam; Adhesive Tape (Polypropylene 32 um) |
| | 3919.90.99 | Tape Mylar |
| 40.02 | 4002.19.00 | Styrene-Butadiene Rubber (SBR) |
| | 4002.99.00 | Plastic (thermoplastic) 92um |
| 48.02 | 4802.69.00 | Optically Clear Adhesive (OCA) Paper |
| 56.03 | 5603.11.90 | Conductive Fabric |
| 70.19 | 7019.32.90 | Glass Fiber |
| 72.26 | 7226.99.90 | Processed Plain Metal-Alloy Sheet For Mobile Housing; Decoration Steel Sheet For making Mobile Body Casing |
| 73.18 | 7318.15.90 | Screw |
| 74.10 | 7410.11.00 | Copper foil 9um |
| 76.07 | 7607.11.90 | Aluminium foil 15um |
| 85.04 | 8504.31.00 | Transformer |
| | 8504.50.00 | Inductor |
| 85.17 | 8517.70.00 | Aluminium cover 320 um; Separator (Nickel tape/ Aluminium Tape) 15um; Backlight Panel |
| 85.17 | 8517.70.00 | Vibrator; Motor; Touch Panel; Touch Panel Glass for mobile phone; Liquid Crystal Module; Camera Module; Input-Output (I/O) Port; Internal Earphone; Microphone; Antena; Receiver; |
| 85.18 | 8518.29.00 | Speaker |

| | | |
|---|---|---|
| 85.23 | 8523.29.12 | Software With CD |
| 85.32 | 8532.29.00 | Capacitor |
| 85.33 | 8533.29.00 | Resistor |
| 85.34 | 8534.00.00 | Unloaded Printed Circuit Board |
| 85.36 | 8536.90.90 | 2 Pin Connector Plug; Connector |
| 85.41 | 8541.10.00 | Diode |
| | 8541.29.00 | Transistor |
| | 8541.40.90 | Light Emiting Diodes (LED) |
| 85.42 | 8542.39.90 | Ball Grid Array Integrated Circuit (BGA IC); Display Driver IC |
| 85.44 | 8544.19.90 | Flexible Printed Cable (FPC), USB Cable; OTG Cable |
| | 8544.42.00 | Cable Fitted With Connector |
| 85.46 | 8546.90.00 | Heat Sink |
| 90.01 | 9001.90.90 | LCM Protective lens; Camera Protective Lens |
| 90.13 | 9013.90.10 | Diffuser (Back light controller) |

**TABLE-II**

| **Heading** | **H.S. Code** | **Description** |
|---|---|---|
| **(1)** | **(2)** | **(3)** |
| 39.26 | 3926.90.99 | Back cover; Front Cover; Side cover |
| 48.11 | 4811.41.90 | Screw Void Paper Sticker & IMEI Label Paper Sticker |
| 85.04 | 8504.40.10 | Cellular Phone Battery Charger |
| 85.07 | 8507.60.00 | Lithium Battery |
| 85.17 | 8517.70.00 | Key; Keypad housing; Keypad Dome; Front Shell |
| | 8517.70.00 | Loaded Printed Circuit Board/PCB Assembled/Mother Board for Cellular Phone |

**শর্তসমূহ**

১। এই প্রজ্ঞাপনের অধীন রেয়াতি সুবিধা শুধু সেইসব উৎপাদনকারী বা সংযোজনকারী প্রতিষ্ঠান এর ক্ষেত্রে প্রযোজ্য হইবে, যাহারা এই প্রজ্ঞাপনে উল্লিখিত সকল শর্ত

প্রতিপালনপূর্বক আমদানিকৃত পণ্য বা যন্ত্রাংশ বা উপকরণ দ্বারা স্থানীয়ভাবে সেলুলার ফোন উৎপাদন বা সংযোজন করিয়া থাকেন।

২। সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে মূল্য সংযোজন কর আইন, **১৯৯১** এর অধীন উৎপাদনকারী বা সংযোজনকারী হিসাবে নিবন্ধিত হইতে হইবে।

৩। পণ্যের মান নিয়ন্ত্রণের জন্য সংশ্লিষ্ট উৎপাদনকারী বা সংযোজনকারী প্রতিষ্ঠানের নিজস্ব Testing Lab থাকিতে হইবে, অথবা মান নিয়ন্ত্রণের জন্য কোন স্বীকৃত Testing Lab এর সাথে চুক্তিবদ্ধ হইতে হইবে।

৪। উৎপাদনকারী বা সংযোজনকারী শিল্প প্রতিষ্ঠান কর্তৃক কারখানা স্থাপনের পর এই প্রজ্ঞাপনের অধীন রেয়াতি সুবিধায় পণ্য বা যন্ত্রাংশ বা উপকরণ আমদানির অনুমোদনের জন্য চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড বরাবর আবেদন করিতে হইবে। আবেদন বিবেচনার ক্ষেত্রে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ এর প্রতিনিধি এবং সংশ্লিষ্ট ভ্যাট বিভাগীয় কর্মকর্তা সরেজমিন যাচাইপূর্বক চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড বরাবর **"পরিশিষ্ট-১"** অনুযায়ী একটি প্রতিবেদন দাখিল করিবেন।

৫। **"পরিশিষ্ট-১"** অনুযায়ী প্রাপ্ত প্রতিবেদনে প্রতিষ্ঠানের শিল্প স্থাপন সংক্রান্ত কার্যক্রম সন্তোষজনক বিবেচিত হইলে আবেদনকারী প্রতিষ্ঠানকে এই প্রজ্ঞাপনের অধীন রেয়াতি হারে পণ্য আমদানির অনুমোদন প্রদান করা হইবে। উক্ত অনুমোদন পত্রের সত্যায়িত ফটোকপি প্রতিটি পণ্যচালান শুল্কায়নের সময় বিল অব এন্ট্রির সহিত দাখিল করিতে হইবে।

৬। প্রতি একক সেলুলার ফোন উৎপাদনের জন্য সম্ভাব্য বা যৌক্তিক অপচয়সহ কি কি পণ্য বা যন্ত্রাংশ বা উপকরণ কি পরিমাণে আবশ্যক (উপকরণ-উৎপাদ সহগ) সে সম্পর্কিত তথ্য **"পরিশিষ্ট-২"** অনুযায়ী ৩ (তিন) কপি পণ্য আমদানির পূর্বেই সংশ্লিষ্ট ভ্যাট কমিশনারেট এর কমিশনার বরাবর দাখিল করিতে হইবে। কমিশনার উক্ত সহগ অনুমোদনপূর্বক প্রতিস্বাক্ষর করিবেন এবং একটি কপি অফিসের রেকর্ড হিসাবে সংরক্ষণ করিবেন, দ্বিতীয় কপি জাতীয় রাজস্ব বোর্ডের সদস্য (কাস্টমস নীতি) বরাবরে প্রেরণ করিবেন এবং অপর কপি প্রতিষ্ঠান কর্তৃপক্ষকে ফেরত দিবেন। "পরিশিষ্ট-২" এর সত্যায়িত ফটোকপি প্রতিটি পণ্যচালান শুল্কায়নের সময় বিল অব এন্ট্রির সহিত দাখিল করিতে হইবে।

৭। এই প্রজ্ঞাপনে উল্লিখিত উপকরণ **"পরিশিষ্ট-২"** অনুযায়ী আমদানি করিয়া অনুমোদিত উপকরণ-উৎপাদ সহগ মোতাবেক সেলুলার ফোন উৎপাদন করা হইতেছে কিনা উহা সংশ্লিষ্ট ভ্যাট কমিশনারেটের কমিশনার তাহার অধীনস্থ সংশ্লিষ্ট ভ্যাট বিভাগীয় কর্মকর্তার মাধ্যমে প্রতি ৬ (ছয়) মাস অন্তর সরেজমিনে পরিদর্শন করিয়া নিশ্চিত করিবেন।

৮। আমদানিকৃত পণ্য বা যন্ত্রাংশ বা উপকরণ, সেলুলার ফোন ও ট্যাব উৎপাদন বা সংযোজন ব্যতীত অন্য কোন কাজে ব্যবহার বা বিক্রয় বা অন্যবিধ হস্তান্তর করা যাইবে না।

৯। কোন উৎপাদনকারী বা সংযোজনকারী এই প্রজ্ঞাপনের শর্ত লঙ্ঘন করিলে এবং উক্ত লঙ্ঘনজনিত কারণে রাজস্ব ক্ষতি হইলে সেইক্ষেত্রে তাহার বিরুদ্ধে Customs Act, 1969 ও মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ এর বিধান অনুযায়ী ও প্রযোজ্য ক্ষেত্রে সংশ্লিষ্ট অন্যান্য আইন মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হইবে।

**পরিশিষ্ট-১**

**কারখানা পরিদর্শন প্রতিবেদন**
**[শর্ত ৪ দ্রষ্টব্য]**

আমরা নিম্নস্বাক্ষরকারীগণ বিগত ------------খ্রিঃ তারিখ------------------------ নামীয় সেলুলার ফোন উৎপাদনকারী বা সংযোজনকারী শিল্প কারখানা সরেজমিন পরিদর্শন করি। পরিদর্শনে প্রাপ্ত তথ্যাদি নিম্নরূপ, যথাঃ-

১। প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা :
২। মূসক নিবন্ধন নম্বর (BIN) :
৩। মালিক/স্বত্বাধিকারীর নাম ও ঠিকানা (বর্তমান/স্থায়ী) :
৪। আয়কর সনদ নম্বর (TIN) :
৫। জমি ও ভবনের বিবরণ :
(ক) জমি ও ভবন নিজস্ব কিনা :
(খ) মোট জমির পরিমাণ :
(গ) কারখানা ভবনের (ওয়্যারহাউসসহ) আয়তনঃ
(ঘ) কারখানা ভবনের প্রকৃতি : (পাকা/সেমি পাকা/অন্যান্য) :
(ঙ) অফিস ভবনের আয়তন :
(চ) বিদ্যুৎ সংযোগ আছে কিনা :
৬। কারখানা ভবন ভাড়া হইলে ভাড়া চুক্তির কপিঃ
৭। স্থাপিত যন্ত্রপাতির বিবরণ :
৮। স্থাপিত যন্ত্রপাতি দ্বারা উৎপাদনযোগ্য পণ্যের বিবরণ :
৯। উৎপাদনযোগ্য পণ্যের উপকরণ-উৎপাদ সহগ সংশ্লিষ্ট ভ্যাট কমিশনারেটে দাখিল ও অনুমোদন করা হইয়াছে কিনা :

উপর্যুক্ত তথ্যাদি পর্যালোচনায় প্রতীয়মান হয় যে, বর্ণিত প্রতিষ্ঠানটি স্থানীয়ভাবে সেলুলার ফোন উৎপাদন বা সংযোজনের লক্ষ্যে প্রাথমিক প্রস্তুতি সম্পন্ন করিয়াছে।

প্রতিষ্ঠানটিকে প্রজ্ঞাপন এস.আর.ও. নং **.....-আইন/২০১৭/........./কাস্টমস** তারিখ: ..../০৬/২০১৭ খ্রিস্টাব্দ এর অধীন প্রজ্ঞাপনে উল্লিখিত পণ্য বা যন্ত্রাংশ বা উপকরণ রেয়াতি সুবিধায় আমদানির অনুমোদন প্রদানের সুপারিশ করা হইল।

সংশ্লিষ্ট ভ্যাট বিভাগীয়
কর্মকর্তার নাম ও স্বাক্ষর
তারিখ ঃ

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ এর
প্রতিনিধির নাম ও স্বাক্ষর
তারিখঃ

**পরিশিষ্ট-২**
**[শর্ত ৬ দ্রষ্টব্য]**

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা**

সেলুলার ফোন উৎপাদন বা সংযোজন এর কাজে আবশ্যক পণ্য বা যন্ত্রাংশ বা উপকরণ সম্পর্কিত ঘোষণা:

১। প্রতিষ্ঠানের নাম:
২। ঠিকানা:
৩। মূসক নিবন্ধন নম্বর:

| ক্রম নং | পণ্যের নাম ও এইচ. এস. কোড | একক | পণ্য উৎপাদনে ব্যবহার্য পণ্য বা যন্ত্রাংশ বা উপকরণ এর নাম (এইচ.এস. কোডসহ) | অপচয়সহ প্রতি একক পণ্য উৎপাদনে প্রয়োজনীয় পণ্য বা যন্ত্রাংশ বা উপকরণের প্রতিটির পরিমাণ | অপচয় ব্যতীত প্রতি একক পণ্য উৎপাদনে প্রয়োজনীয় পণ্য বা যন্ত্রাংশ বা উপকরণের প্রতিটির পরিমাণ | অপচয়ের শতকরা হার |
|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| | | | | | | |

সংশ্লিষ্ট ভ্যাট কমিশনারের প্রতিস্বাক্ষর

প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা কর্তৃপক্ষের
স্বাক্ষর ও তারিখ

**রাষ্ট্রপতির আদেশক্রমে,**

মোঃ নজিবুর রহমান
সিনিয়র সচিব